

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.১৪.০০০০.০৭৬.৯৯.০০৩.২৪-২৬

তারিখ ১০ ফাল্গুন ১৪৩২
২৩ ফেব্রুয়ারি ২০২৬

প্রজ্ঞাপন

সরকারের নির্বাচনী অঙ্গীকার “৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ” কর্মসূচি গ্রহণের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি সেল গঠন করা হলো:


(ক) সেলের গঠন:

১।	মাননীয় উপদেষ্টা নজরুল ইসলাম খান	সভাপতি
২।	সচিব, স্থানীয় সরকার বিভাগ	সদস্য
৩।	সচিব, ভূমি মন্ত্রণালয়	সদস্য
৪।	সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য
৫।	সচিব, কৃষি মন্ত্রণালয়	সদস্য
৬।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	সদস্য
৭।	সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সদস্য
৮।	প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর	সদস্য সচিব

(খ) সেলের কার্যপরিধি:

- ১। বৃক্ষরোপণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বৃক্ষের চারা সংগ্রহ, বৃক্ষের ধরণ/প্রজাতি নির্বাচন, উপযুক্ত এলাকা ও স্থান নির্বাচন;
 - ২। বিভিন্ন দপ্তর/সংস্থার বৃক্ষরোপণ কার্যক্রম সমন্বয় সাধন;
 - ৩। বৃক্ষরোপণ কার্যক্রম মনিটরিং ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
 - ৪। বৃক্ষরোপণ ক্যাম্পেইন চালুর কার্যক্রম গ্রহণ এবং প্রচার ও প্রচারণা;
 - ৫। বৃক্ষরোপণের অর্থায়ন নিশ্চিতকরণে কার্যক্রম গ্রহণ।
- (গ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সেলকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- (ঘ) সেল প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


মোহাম্মদ নাসির উদ্দিন সরোয়ার
পরিচালক-৯
ফোন: ০২-৫৫০২৯৪২৯
ই-মেইল-dir9@pmo.gov.bd

বিতরণ: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জনাব নজরুল ইসলাম খান, মাননীয় উপদেষ্টা, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সচিব, ভূমি মন্ত্রণালয়/ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/ কৃষি মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ স্থানীয় সরকার বিভাগ/ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
৪. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির ৩০ কপি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)।

অনুলিপি:

১. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব-এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।